মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ।

প্রশাসন বিভাগ

বাজার শাখা

www. manikganj pourshava.com

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং- মাপৌ/বাঃশাঃ/ ২০২৪/৫৯৮ তারিখঃ ০৭/০৫/২০২৪

প্রাপক

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ- মানিকগঞ্জ পৌরসভার নিয়ন্ত্রিত পৌর বাসটার্মিনাল ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা না হওয়া সংক্রান্ত প্রতিবেদন।

মহোদয়,

সদয় অবগতি ও কার্যার্থে জানান যাচ্ছে যে, বাংলাদেশের রাজধানী ঢাকা হতে উত্তর পশ্চিম ও দক্ষিনাংশে যাতায়াতের জন্য হাইওয়ে রাস্তা গাবতুলী হইতে ভায়া মানিকগঞ্জ পাটুরিয়া ঘাট রাস্তা। উল্লেখিত সড়কটি দুই লেন বিশিষ্ঠ সড়ক হিসাবে ব্যবহৃত হয়ে আসছিল। ইতিমধ্যে সড়কটি ৪ (চার) লেনে উন্নিত হয়েছে। সড়কের মাঝখানে ডিভাইডার দিয়ে উত্তর ও দক্ষিনাংশে দুইটি ওভার ব্রীজের মাধ্যমে জন-সাধারনের যাতায়াতের ব্যবস্থা করা হয়েছে।

সড়কের মাঝ বরাবর ডিভাইডার দেওয়াতে দক্ষিন পাশ্বের গাড়ী উত্তর পার্শ্বে এবং উত্তর পার্শ্বের গাড়ী দক্ষিন পার্শ্বে যাতায়াত সম্ভব হচ্ছে না। রাস্তার উত্তর অংশে বাস টার্মিনাল রয়েছে। ইতোমধ্যে সড়ক উন্নয়ন কাজ করার প্রেক্ষিতে উল্লেখিত টার্মিনালের অধিকাংশ ভাঙ্গা পড়েছে। পূর্বের ন্যায় উক্ত টার্মিনালের জায়গা নেই। এতে বিগত সময়ের চেয়ে অর্ধেক যানবাহন টার্মিনালে প্রবেশ করে। যার ফলে উত্তরাংশে বাসটার্মিনালে টোল আদায় ব্যবহৃত হচ্ছে।

দক্ষিনাংশে যানবাহনগুলির টার্মিনাল না থাকায় অবস্থান করতে পারছে না এবং টার্মিনাল ফি আদায় হচ্ছে না। এতে ইজারাদার ক্ষতিগ্রস্থ হচ্ছে ও ইজারা কার্যক্রমে নিরুৎসাহিত হচ্ছে।

মানিকগঞ্জ পৌরসভা কর্তৃক উল্লেখিত বাসটার্মিনাল ইজারা প্রদানের জন্য ২৩/০১/২০২৪ইং এবং ২৪/০১/২০২৪ইং তারিখে ৩ (তিন) টি পর্যায়ে দরপত্র আহবানের প্রক্রিয়া নির্ধারণ করিয়া দরপত্র আহবান করা হয়। ৩য় পর্যায়ের দরপত্র বিক্রয়ের সর্বশেষ দিবস পর্যন্ত ২টি ইজারা সিডিউল বিক্রয় হয়। কিন্তু ৩য় পর্যায়ে জমা গ্রহনের নির্ধারিত দিবসে ১৯/০৩/২০২৪ ইং তারিখে পৌরসভাসহ অন্যান্য জমা গ্রহনের স্থানে দরপত্র জমা পড়ে নাই।

উল্লেখিত অবস্থার প্রেক্ষিতে ০৯/০৪/২০২৪ ইং তারিখ ৪র্থবার দরপত্র আহবান করা হয়। ৪র্থবার দরপত্র আহবান সত্ত্বেও দরপত্র বিক্রয় ও দরপত্র গ্রহনের তারিখে কোন দরপত্র বিক্রয় ও গৃহীত হয় নাই।

এশিয়া মহাদেশের মধ্যে বাংলাদেশের যোগাযোগ ব্যবস্থায় পদ্মা সেতু গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। পদ্মা সেতু চালু হওয়ায় দক্ষিন পশ্চিমাঞ্চলীয় ঢাকার যানবাহন সমূহ বুড়িগঙ্গা ব্রীজের উপর দিয়ে পদ্মা ব্রীজ হয়ে ফরিদপুর দিয়ে চলাচল করায় ঢাকা ভায়া আরিচা টু পাটুরিয়া ঘাট রাস্তাটি চলাচলরত যানবাহন কমে গিয়েছে যার প্রেক্ষিতে মানিকগঞ্জ পৌর বাসটার্মিনালে পূর্বের ন্যায় যানবাহন পার্কিং হচ্ছে না।

প্রাকৃতিক কারণে যোগাযোগ ব্যবস্থা অভূতপূর্ব উন্নতি হলেও মানিকগঞ্জের প্রেক্ষাপটে বাস টার্মিনালের পার্কিং অবস্থা সন্তোষজনক নয়।

এমতাবস্থায় বার বার দরপত্র আবেদন সত্ত্বেও ইজারাদারগণ ব্যবসায়িক ক্ষতির আংশকায় ইজারায় অংশগ্রহন করছেন না।

পৌরসভা হতে ব্যক্তিগত ভাবে ইজারাদারদের সাথে যোগাযোগ করেও ইজারা প্রদান সম্ভব হচ্ছে না।

ইতিমধ্যে ৫মবার এর জন্য দরপত্র আহবান করা হয়েছে এবং খাস আদায় কার্যক্রম গ্রহন করা হয়েছে। তাছাড়া উত্তরাংশে সামান্য টার্মিনাল থাকলেও দক্ষিন পাশে টার্মিনাল না থাকায় চার্জ আদায় করতে পারছে না। দক্ষিনাংশের যানবাহন সমূহ উত্তরাংশে না যাওয়ায় চার্জ আদায়ের বেশীর ভাগ অংশ বাধা গস্থ হচ্ছে। দক্ষিনাংশে টার্মিনাল তৈরীর কোন জায়গা নাই। তাছাড়া মহাসড়কের ১০ মিটারের মধ্যে টার্মিনাল ব্যতিত কোন চার্জ আদায় করা যাবে না।

বিষয়টি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে প্রেরিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা।

মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ।

প্রশাসন বিভাগ

বাজার শাখা

www. manikganj pourshava.com

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং- মাপৌ/বাঃশাঃ/ ২০২৪/৫৯৬ তারিখঃ ০৭/০৫/২০২৪

প্রাপক

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ- মানিকগঞ্জ পৌরসভার নিয়ন্ত্রিত বিভিন্ন গনশৌচাগার ১৪৩১ বাংলা সনের ইজারা না হওয়া সংক্রান্ত প্রতিবেদন।**

মহোদয়

সদয় অবগতি ও কার্যার্থে জানান যাচ্ছে যে, মানিকগঞ্জ পৌরসভার অন্তর্গত ডিসি কোর্ট সংলগ্ন গণশৌচাগারটিতে ইজারা বিজ্ঞপ্তি বার বার প্রকাশ করার পরও কোন দরদাতা ইজারা কার্যক্রমে অংশগ্রহন করেন নাই। কারণ ডিসি অফিস প্রত্যেক শাখায় সরকারী ভাবে শৌচাগার আছে। গণশৌচাগারটিতে পানির লাইন অকেজো হওয়ায় এবং আধুনিক ব্যবস্থা না থাকায় দরদাতাগণ ইজারা কার্যক্রমে অনিহা প্রকাশ করেন। উল্লেখ থাকে যে, পাশে জজ কোর্ট কর্তৃক একটি আধুনিক গণশৌচাগার নির্মিত হয়েছে।

খাদ্য গুদাম সংলগ্ন গণশৌচাগারটি খাল পাড়ে অবস্থিত। পৌরসভার আওতাধীন সি আর ডি পি প্রজেক্টের মাধ্যমে ড্রেনেজ কাজ চলাচলের সময় শৌচাগারের পেছনের মাটি অপসারণ করাতে হঠাৎ করে তাহা হেলে পড়ে তাই উক্ত মহালটিতে কোন কার্যক্রম চলে না এবং কোন দরদাতা অংশ গ্রহন করেন নাই। আপাতত শৌচাগারটি যুকিপূর্ণ বিধায় ব্যবহৃত হচ্ছে না।

বেউথা ঘাট গণশৌচাগার উক্ত মহালটি বেউথা ঘাট নদীর পাড়ে বাজার সংলগ্ন অবস্থিত। মহালটি নদী সংলগ্ন হওয়ায় কোন লোক তাহা ব্যবহার করেন না এবং মহালটি সংস্কার করা প্রয়োজন। তাই কোন দরদাতা ইজারা কার্যক্রমে অংশ গ্রহন করেন নাই।

মানিকগঞ্জ মাছ বাজারের দক্ষিন পার্শ্বে গণশৌচাগার। উক্ত মহালটি হঠাৎ করে সেইফটি ট্যাংক ও পানির লাইন অকেজো হওয়ায় ব্যবহারের অনুপোযী বিধায় দরদাতাগণ ইজারা কার্যক্রমে অংশ গ্রহন করেন নাই।

[

সদর হাসপাতাল সংলগ্ন গণশৌচাগার মহালটির এলাকায় ২৫০ শয্যা বিশিষ্ট আধুনিক হাসপাতালসহ ট্রেনিং সেন্টার ও বিভিন্ন ইমারত আশে-পাশে তৈরী হওয়ায় এবং সেইফটি ট্যাংক, দরজা ও পানির ব্যবস্থা বিকল হওয়ায় গণশৌচাগারটি ব্যবহারের অনুপোযোগী হয়েছে কোন দরদাতা ইজারা কার্যক্রমে অংশ গ্রহন করেন নাই।

কাচাবাজারের দক্ষিন পার্শ্বে গণশৌচাগার উক্ত মহালটির পার্শ্বে সরকার কর্তৃক আধুনিক জেলা মডেল মসজিদ নির্মান কাজ শুরু হওয়ায় মহালটির ট্যাংকির কিছু অংশ ও পাইপ লাইন ভাংগা পড়ে। তাই উক্ত গণশৌচাগারে কোন লোকজন যাতায়াত করে না। যাতায়াত না করায় উক্ত মহালটিতে কোন দরদাতা অংশ গ্রহন করেন নাই।

বাসটার্মিনালের ২য় তলায় ও নীচতলায় স্ন্যাকস, ঢাকা আরিচা মহা সড়ক ৪ (চার) লেনে উন্নিত হওয়ায় ডিভাইডার তৈরী হয়েছে এবং টার্মিনালটির কিছু অংশ ভাংগা পড়ায় তাহা ছোট হয়ে পড়েছে তাতে লোক জনের যাতায়াত কমে যায়। ফলে কোন দরদাতা ইজারা কার্যক্রমে অংশ গ্রহন করেন নাই।

ইতিমধ্যে পুর্বে ৪ (চার) বার ইজারা দরপত্র আহবান করা সত্ত্বেও কোন দরদাতা ইজারা কার্যক্রমে অংশ গ্রহন করেন নাই।

৫মবারের জন্য দরপত্র আহবানের প্রক্রিয়াধীন আছে।

এমতাবস্থায় বিষয়গুলি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রতিবেদন প্রেরণ করা হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা।